



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

23 APRIL 2024

7:35-7:40 AM IST

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে। দ্বিতীয় পর্যায়ে শিলচর, করিমগঞ্জ, দরং-ওদালগুরি, ডিফু এবং নগাঁও লোকসভা আসনের জন্য আগামী শুক্রবার ভোট গ্রহন করা হবে। রাজ্যের মন্ত্রী অশোক সিংহল গতকাল তামুলপুর বিধানসভা কেন্দ্রের চারটি স্থানে দরং-ওদালগুরি লোকসভা আসনের বি জে পি প্রার্থী দিলীপ শইকিয়ার হয়ে প্রচার করেন।

বিজেপি নেতা তথা মন্ত্রী রঞ্জিত কুমার দাস গতকাল বরপেটা লোকসভা আসনের প্রার্থী ফণিভূষণ চৌধুরীর সমর্থনে বজালীর চাউলিয়াবরিতে প্রচার করেন। এই আসনের কংগ্রেস প্রার্থী মীরা বরঠাকুর গতকাল চানমারি কলোনি খেলার মাঠে একটি জনসভায় অংশগ্রহণ করেন।

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের নির্বাচনে অবতীর্ণ প্রার্থীদের মধ্যে ৯ জন প্রার্থীর বিরুদ্ধে অপরাধ জনিত মামলা রয়েছে। এর মধ্যে দুজন মহিলা প্রার্থীর বিরুদ্ধেও অপরাধ জনিত মামলা রয়েছে। এদের মধ্যে বিজেপি এবং গণসুরক্ষা দলের একজন করে প্রার্থী এবং এ আই ইউ ডি এফ দলের দুজন প্রার্থীর বিরুদ্ধে অপরাধ জনিত মামলা রয়েছে।

শিলচর লোকসভা আসনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সমর্থনে আজ রংপুর, ছোট দুধপাতিল, শ্রীকোনা বাজার, বেরেঙ্গা, মধুরবন্দ, চামড়াগোদামে পথসভার আয়োজন করা হয়েছে। পথসভায় দলীয় প্রার্থীর সমর্থনে ভবতোষ চক্রবর্তী, সুব্রত চন্দ্র নাথ, অজয় রায় প্রমুখ বক্তব্য রাখেন।

উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল শিলচর , করিমগঞ্জ আসন সহ দেশের ৮৮ টি লোকসভা আসনে অনুষ্ঠেয় নির্বাচনে ১ হাজার ১৯৮ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । দ্বিতীয় পর্যায়ে আসামের ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এর মধ্যে শিলচরে ৮ জন , করিমগঞ্জে ২৪ জন , নগাঁওয়ে ১৩ , দরং-ওদালগুড়িতে ১১ জন এবং ডিফু আসনে ৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

মণিপুরের ইনার মণিপুর লোকসভা আসনের অধীন পূর্ব ইম্ফাল এবং পশ্চিম ইম্ফাল জেলা দুটির ১১ টি ভোটগ্রহণ কেন্দ্রে গতকাল পুনরায় ভোট গ্রহণ করা হয়েছে । গতকাল ৭৩ শতাংশ ভোট পড়েছে । ইনার মণিপুর লোকসভা আসনের নির্বাচনী আধিকারীক জানিয়েছেন যে গত ১৯ শে এপ্রিল লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে এই ১১ কেন্দ্রে ভোট গ্রহণের সময় কিছু বিক্ষিপ্ত ঘটনা সংঘটিত হওয়া সহ অপীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবং ভোটদানের ক্ষেত্রেও অনিয়ম ধরা পড়ে । উল্লেখ্য পূর্ব ইম্ফাল জেলার ৭ টি এবং পশ্চিম ইম্ফাল জেলার ৪ টি ভোটগ্রহণ কেন্দ্রে গতকাল পুনরায় ভোটগ্রহণ করা হয়েছে ।

রাজ্যের শিক্ষা বিভাগ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের স্কুল ব্যাগের ওজন সম্পর্কে এক নির্দেশ জারি করেছে । এই নির্দেশ অনুযায়ী শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট আধিকারীকদের স্কুলে গিয়ে শিক্ষার্থীদের ব্যাগের ওজন পরীক্ষা করার নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য স্কুল ব্যাগের ওজন ১ কিলো ৫০০ গ্রাম , তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ২ থেকে ৩ কিলো , ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর জন্য ৪ কিলো , অষ্টম ও নবম শ্রেণীর জন্য সাড়ে চার কিলো এবং দশম শ্রেণীর স্কুল ব্যাগের ওজন ৫ কিলোগ্রাম ওজন নির্ধারণ করা হয়েছে ।

কাছাড় জেলার নির্বাচনী আচরনবিধির ভারপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ২৬শে এপ্রিল ভোট গ্রহণের ৪৮ ঘন্টার মধ্যে মাইক , লাউড স্পিকার ব্যবহার করা যাবে না । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে নির্বাচনের ৪৮ ঘন্টার মধ্যে নির্বাচনী এলাকার বাইরের কেউ এলাকায় থাকতে পারবেন না । এছাড়া নির্বাচনী এলাকার বাইরের জনগন ও বাহনের গতিবিধি পর্যবেক্ষন করতে রাজনৈতিক দল , প্রার্থী ও তাদের প্রতিনিধিদের সচেষ্টিত থাকতে বলা হয়েছে ।

হাইলাকান্দি জেলার লালা শিক্ষা খন্ডের অধীন কৈয়া এম ই স্কুলের বিজ্ঞান শিক্ষক খলিলুর রহমান মজুমদারকে নির্বাচনী আদর্শ আচরনবিধি লংঘনের অভিযোগে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে । রাজ্যের প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি গতকাল এক বিজ্ঞপ্তিতে আদর্শ আচরনবিধি লংঘনের জন্য খলিলুর রহমান মজুমদারকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করেন । শ্রী রহমানকে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের প্রিসাইডিং অফিসার হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছিল । নির্বাচনী আচরন বিধি লংঘন করে সামাজিক মাধ্যমে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণের অভিযোগে শ্রী মজুমদারকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হয় ।

কাছাড় জেলা নির্বাচনের পরিবহন বিভাগের পক্ষ থেকে শিলচর লোকসভা আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ভোট কর্মীদের যাতায়াতের সুবিধার্থে বাসের ব্যবস্থা করা হয়েছে। জেলার অতিরিক্ত আয়ুক্তের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী ২৪ ও ২৫শে এপ্রিল বাসগুলি ভোটকর্মীদের নিয়ে গন্তব্যে পৌঁছাবে। দিগরখাল চেক গেট থেকে সকাল পাঁচটায় ছেড়ে গুমড়া, কালাইন, ভাঙ্গারপার, রাণীঘাট, তারাপুর হয়ে আই এস বি টি পৌঁছাবে। সাদিরখাল থেকে ছাড়া বাসটি কিন্নরখাল, রাজাটিলা, কাটিগড়া, পাঁচগ্রাম, কাটাখাল, শালচাপড়া হয়ে আই এস বি টি পৌঁছাবে। বালাছড়া থেকে ছাড়া বাসটি বড়খলা, জারইলতলা, অরুনাচল, তারাপুর হয়ে আই এস বি টি পৌঁছাবে। বিহাড়া বাজার থেকে ছাড়া বাসটি বাবুরবাজার, ভাঙ্গারপার, রাণীঘাট, তারাপুর হয়ে আই এস বি টি পৌঁছাবে। বড়খলা বাজার থেকে ছাড়া বাসটি ডলু, হাতিছড়া, সদরঘাট হয়ে আই এস বি টি পৌঁছাবে। কুম্ভা থেকে ছাড়া বাসটি কুম্ভীরগ্রাম, উধারবন্দ, সদরঘাট হয়ে আই এস বি টি পৌঁছাবে। আমড়াঘাট থেকে ছাড়া গাড়ীটি পালংঘাট, কাবুগঞ্জ, নতুন বাজার সোনাবাড়ীঘাট হয়ে আই এস বি টি পৌঁছাবে। এছাড়া ২৪ ও ২৫শে এপ্রিল ভোটকর্মীদের যাতায়াতের সুবিধার্থে সকাল ছটা থেকে ১৫ মিনিট অন্তর শিলচর ডাকবাংলো থেকে আই এস বি টি পর্যন্ত দশটি শাটল বাস চলাচল করবে।
